

া সুনান আবূ দাউদ (ইসলামিক ফাউন্ডেশন)

হাদিস নাম্বারঃ ২৭১৬

৯/ জিহাদ (كتاب الجهاد)

পরিচ্ছেদঃ ৪৫. গনীমতের মাল বন্টনের পর যদি কেউ আসে, তবে সে কিছুই পাবে না।

باب فِيمَنْ جَاءَ بَعْدَ الْغَنِيمَةِ لاَ سَهْمَ لَهُ

আরবী

حَدَّثَنَا مُحَمَّدُ بْنُ الْعَلاَءِ، قَالَ حَدَّثَنَا أَبُو أُسَامَةَ، حَدَّثَنَا بُرَیْدٌ، عَنْ أَبِي بُرْدَةَ، عَنْ أَبِي مُوسَى، قَالَ قَدِمْنَا فَوَافَقْنَا رَسُولَ اللَّهِ صلى الله عليه وسلم حِينَ افْتَتَحَ خَيْبَرَ فَأَسْهَمَ لَنَا أَوْ قَالَ فَأَعْظَانَا مِنْهَا وَمَا قَسَمَ لأَحَدٍ غَابَ عَنْ فَتْحِ خَيْبَرَ مِنْهَا شَيْئًا إِلاَّ لِمَنْ شَهِدَ مَعَهُ إِلاَّ أَصْحَابَ سَفِينَتِنَا جَعْفَرٌ وَأَصْحَابُهُ فَأَسْهَمَ لَهُمْ مَعَهُمْ.

বাংলা

২৭১৬. মুহাম্মদ ইবন 'আলা (রহঃ) আবূ মূসা (রাঃ) থেকে বর্ণিত। তিনি বলেনঃ আমরা হাবশা (আবিসিনিয়া) থেকে ফেরার পর রাসূলুল্লাহ্ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর সঙ্গে খায়বরে গিয়ে সাক্ষাৎ করি, যখন তিনি খায়বর জয় করেন। তিনি আমাদেরকে গণীমতের মালে অংশ প্রদান করেন। অথবা রাবী বলেনঃ তিনি আমাদেরকে তা থেকে একটা অংশ প্রদান করেন। পক্ষান্তরে, যারা খায়বর যুদ্ধে অংশগ্রহণ করেনি, তিনি তাদেরকে কোন অংশ দেননি, তবে তাদের দিয়েছিলেন যারা তাঁর সঙ্গে যুদ্ধে শরীক ছিলেন। এছাড়া তিনি আমাদের কিশতীর সাথী (হাবশা হতে প্রত্যাগত) জা'ফর ইবন আবূ তালিব (রাঃ) এবং তাঁর সাথীদের তাদের সাথে গণীমতের মালের অংশ প্রদান করেন।

English

Abu Nusa said "We arrived just at the moment when the Apostle of Allaah() conquered Khaibar and he allotted us a portion (or he said he gave us some of it). He allotted nothing to anyone who was not present at the conquest of Khaybar, giving shares only to those who were present with him except for those who were in our ship, Ja'far and his companions to whom he gave (a portion) something along with them.

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত



পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন 🛘 বর্ণনাকারীঃ আবূ মূসা আল- আশ'আরী (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন